তারিখ · 2·5 MAR 2016 …… ……
পৃষ্ঠা …… ৩ …… কলাম …… ৬ ……

# যুগান্তর

## শিক্ষা জাতীয়করণের দাবিতে সারা দেশে শিক্ষকদের সমাবেশ

**যুগান্তর রিপোর্ট**

শিক্ষা জাতীয়করণ এবং অষ্টম স্কেলে এমপিওভুক্তদের বেতন-ভাতা অবিলম্বে প্রদানসহ বিভিন্ন দাবিতে বৃহস্পতিবার সারা দেশে সমাবেশ ও মিছিল করেছেন জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট। এছাড়া দেশের সব বিভাগে সংবাদ সম্মেলন করে প্রধানমন্ত্রী বরাবর ২১ দফা দাবিতে স্মারকলিপি পেশ করা হয়। কেন্দ্রীয় কর্মসূচি ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনারে অনুষ্ঠিত হয়। সেখানে ঢাকা ও ঢাকার পার্শ্ববর্তী বিভিন্ন জেলা থেকে আসা শিক্ষা প্রতিষ্ঠানের কয়েকশ' শিক্ষক-কর্মচারী সমবেত হন। পরে একটি মিছিল বের করা হয়। সমাবেশে শিক্ষক নেতারা বলেন, অবিলম্বে অষ্টম

■ পৃষ্ঠা ৭ : কলাম ৫

## শিক্ষা জাতীয়করণের দাবিতে সারা দেশে শিক্ষকদের সমাবেশ

(৩য় পৃষ্ঠার পর)

স্কেলে এমপিওভুক্তদের বেতন দিতে হবে। এমপিওবঞ্চিতদের এমপিও এবং বিষয়ভিত্তিক শিক্ষক নিয়োগ করতে হবে। নিয়মিত পদোন্নতি, ইউনেস্কোর প্রস্তাবনার আলোকে জাতীয় শিক্ষক নীতি প্রণয়ন ও সৃজনশীলের ওপর প্রশিক্ষণসহ অন্য দাবিও জানান তারা।